



জুলাই স্মৃতিস্তম্ভ নিয়ে বাজেট প্রশ্ন তোলা উদ্দেশ্যপ্রণোদিত: আসিফ মাহমুদ



সংগৃহীত ছবি

জুলাই অভ্যুত্থান স্মরণে কোনো প্রকল্প হাতে নিলেই বাজেট নিয়ে একটি মহল প্রশ্ন তোলে— এমন মন্তব্য করেছেন স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব তুঁইয়া।

রোববার (১২ অক্টোবর) বিকেলে রাজধানীর ওসমানী উদ্যানে ‘জুলাই স্মৃতিস্তম্ভ’-এর ভিত্তিপ্রস্তর উদ্বোধন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। আসিফ মাহমুদ বলেন, “ফ্যাসিবাদের সময় ভাঙ্কর্য থেকে শুরু করে ছোট অবকাঠামো নির্মাণেও ৩০০ থেকে ৪০০ কোটি টাকা পর্যন্ত খরচ হয়েছে। তখন কেউ প্রশ্ন তোলেনি। এখন শুধু জুলাইকে কেন্দ্র করেই অযথা বিতর্ক সৃষ্টি করা হচ্ছে।”

তিনি আরও বলেন, “রাজনৈতিক উদ্দেশ্য নিয়েই এমন আলোচনা করা হচ্ছে। তারা চান, যেন জুলাই নিয়ে শহরে কোনো কার্যক্রম না হয়। কিন্তু আমরা জুলাইয়ের চেতনা প্রজন্ম থেকে প্রজন্মে ছড়িয়ে দিতে বদ্ধপরিকর।”

স্থানীয় সরকার উপদেষ্টা আশা প্রকাশ করেন,

ডিসেম্বরের মধ্যেই ‘জুলাই স্মৃতিস্তম্ভ’-এর নির্মাণকাজ শেষ হবে। তিনি জানান, শহীদদের স্মরণ ও সন্মান জানাতে প্রকল্পটির প্রতিটি ধাপে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে।